

মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণা, উত্তরপাড়া পুরসভার উদ্যোগে শিক্ষকদের বাড়িতে গিয়ে সম্মান জানিয়ে শিক্ষক দিবস পালন

বনস্পতি দে, হুগলি, ৫ সেপ্টেম্বর : মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় উত্তরপাড়া পুরসভার উদ্যোগে শিক্ষক দিবস পালন করা হয় বুধবার সকাল থেকে। এই পুরসভার ২৪ টি ওয়ার্ডে কাউন্সিলররা তাদের ওয়ার্ডে ওয়ার্ডে গিয়ে বর্তমান শিক্ষক-শিক্ষিকা ও অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের বাড়িতে গিয়ে পুরসভার পক্ষ থেকে শিক্ষক-শিক্ষিকাদের হাতে শিক্ষক দিবসের বার্তা কার্ড ও মিষ্টি তাদের হাতে তুলে দেয়। কাউন্সিলরদের সঙ্গে ছিলেন তৃণমূলের দলীয় কর্মীরা। বাড়িতে এসে শিক্ষক-শিক্ষিকাদের মিষ্টি ও কার্ড দিতে আসলে তারা আপ্যুত হয়ে যান। খুব খুশি কয়েকজন শিক্ষক-শিক্ষিকারা জানালেন সত্যিই ভাবা যায় না, এমন সম্মান আমরা আগে কোনো দিন পাইনি, বিশেষ করে শিক্ষক দিবসের দিনে পৌরসভার উদ্যোগে আমাদের বিশেষ সম্মান দেওয়ার জন্য পুরচেয়ারম্যান দিলীপ

যাদব ও কাউন্সিলরদের বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি, সেইসঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বানার্জিকে আমরা বিশেষ ধন্যবাদ জানাচ্ছি। অনেকেই বলছেন সারা রাজ্যে আর কোনো পুরসভা শিক্ষক দিবসের দিনে শিক্ষকদের এই সম্মান দিয়েছেন কিনা এখনও জানা নেই। এদিন প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণানের জন্মদিন উপলক্ষে উত্তরপাড়া পুরসভা এই দিনটি বুধবার বিশেষভাবে পালন করল। পুরচেয়ারম্যান দিলীপ যাদব জানালেন, মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় বুধবার আমরা প্রত্যেকে ওয়ার্ডে শিক্ষকদের বাড়ি গিয়ে মিষ্টি ও শুভেচ্ছা বার্তা দিয়ে সম্মান জানালাম, এই দিনে আগে কোনো দিন শিক্ষক দিবস এই ভাবে পালন করা হয়েছে কিনা জানা নেই। মোট ১০০০ শিক্ষক-শিক্ষিকাকে সম্মান জানানো হয়।